



এনএসইউতে স্প্রিং সেমিস্টারের নবীনবরণ অনুষ্ঠিত

নর্থ সাউথ ইউনিভার্সিটিতে (এনএসইউ) স্প্রিং সেমিস্টার ২০২৫-এর নবীনবরণ অনুষ্ঠিত হয়েছে। এতে প্রধান অতিথি ছিলেন শ্রম ও কর্মসংস্থান এবং নৌ-পরিবহন উপদেষ্টা ব্রিগেডিয়ার জেনারেল (অব.) এম সাখাওয়াত হোসেন। সভাপতিত্ব করেন উপাচার্য আবদুল হাম্মান চৌধুরী। অনুষ্ঠানে বক্তব্য দেন রেজিস্ট্রার ড. আহমেদ তাজমীন, স্কুল অব হিউম্যানিটিজ অ্যান্ড সোশ্যাল সায়েন্সেসের ডিন মো. রিজওয়ানুল ইসলাম, স্কুল অব ইঞ্জিনিয়ারিং অ্যান্ড ফিজিক্যাল সায়েন্সেসের ডিন সাজ্জাদ হোসেন, স্কুল অব হেলথ অ্যান্ড লাইফ সায়েন্সেসের ডিন দীপক কুমার মিত্র এবং স্কুল অব বিজনেস অ্যান্ড ইকোনমিকসের ডিন একেএম ওয়ারেসুল করিম। ধন্যবাদ জানান কোষাধ্যক্ষ ও উপ-উপাচার্য (ভারপ্রাপ্ত) আবদুর রব খান।